# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৭।

ফোনঃ ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org

১০/১০/২০১৯ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ১০/১০/২০১৯ইং বৃহস্পতিবার বিকাল ০৫.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভা সংগঠনের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি জনাব এ টি এম আবুল কাশেম সাহেব এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। পরে তিনি তার পারিবারিক বিশেষ কাজে সভাস্থল ত্যাগ করার প্রয়োজন হওয়ায় জনাব আলাউদ্দিন আহমেদ, সিনিয়র সহ-সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটিকে আজকের সভার সভাপতির দায়িত্ব পালন করার অনুরোধ করেন। সভা পরিচালনা করেন জনাব মোঃ আলফাজ উদ্দিন, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব মোঃ নজরুল ইসলাম, সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, পবিত্র ত্রিপিঠক পাঠ করেন বাবু দ্বিপায়ন বড়ুয়া, নির্বাহী সদস্য, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

আঃ হক মুন্সি, এসএএও(অবসর) সোনাতলা, বগুড়াসহ গত সভার পর হতে অদ্যাবদি যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করে এবং বাস দুর্ঘটনায় জনাব অলক দাশ, সাধারণ সম্পাদক, ডিকেআইবি, বান্দরবান জেলা শাখা সহ যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে দোয়া পরিচালনা করেন জনাব মোঃ নজরুল ইসলাম, সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে স্বাগত বক্তব্যে সভার সভাপতি আলাউদ্দিন আহমেদ সাহেব অর্থ মন্ত্রণালয় কর্তৃক গত ০২ অক্টোবর ২০১৯ইং তারিখ স্মারক নং ১১২ মূলে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের **Self Drawing Officer** হিসেবে দায়িত্ব পালনের সম্মতি জ্ঞাপন করায় অত্র সংগঠনের পক্ষ থেকে মাননীয় অর্থ মন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সেই সাথে উক্ত কাজে যারা সহযোগীতা করেছেন তাদেরকেও ধন্যবাদ জানানো হয়। সাথে সাথে মহান আল্লাহর কাছে শুকরিয়া জ্ঞাপন করা হয়। তিনি ১০ম গ্রেড বেতন স্কেল বাস্তবায়নে **Fixation** পদ্ধতি অতিদ্রুত সম্পন্ন করার জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করেন। তিনি মহাসচিব সাহেবকে সভার আলোচ্য সূচীর উপর আলোচনা করার আহ্বান জানান।

মহাসচিব সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত সভার পর অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর বিস্তারিত আলোচনা করেন এবং অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করেন।

অতপর গত ০৭/০৯/২০১৯ইং তারিখের কেন্দ্রীয় নির্বাহী কমিটির কার্যবিবরণী সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলোঃ-

সিদ্ধান্ত-০১ঃ (ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ বিভিন্ন/ সংস্থায় কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের বেতনস্কেল ১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীত করার জন্য স্মারক নং ১০৪১ তারিখ ২২/১০/২০১৮ মূলে যে প্রজ্ঞাপন জারী করা হয়েছে তাতে ২য় শ্রেণীর গেজেটেড পদমর্যাদার বিষয়ে কোন সুনিদিষ্ট দিক নির্দেশনা না থাকায় মাঠে ময়দানে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণ গভীর ক্ষোভ ও হতাশায় ভুগছেন। অনতিবিলম্বে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় ২য় শ্রেণীর গেজেটেড পদমর্যাদা প্রদানের সুব্যবস্থা করার জন্য মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয় এবং মাননীয় মন্ত্রী মহোদয়, কৃষি মন্ত্রণালয় বরাবর জোর দাবী জানানো হলো।

(খ) গত ০২/১০/২০১৯ইং তারিখে স্মারক নং ১১২ মূলে অর্থ মন্ত্রণালয় বাস্তবায়ন অনুবিভাগ অধিশাখা-৪ কর্তৃক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ বিভিন্ন বিভাগ/ সংস্থায় কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদেরকে **Self Drawing Officer** হিসেবে বেতন প্রাপ্তির সম্মতি জ্ঞাপন করায় মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়সহ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কুমিল্লা জেলা শাখা ও লক্ষীপুর জেলা শাখার সংশ্লিষ্ট সকল নেতৃবৃন্দকে অত্র সংগঠনের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো।

(গ) গত ২২/১০/২০১৮ইং তারিখে স্মারক নং ১০৪১ মূলে কৃষি মন্ত্রণালয়ের জি.ও জারীর পর গত ১৯/০৩/২০১৯ইং তারিখে স্মারক নং ১৭১২(১২৮২) এর মাধ্যমে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পৃষ্ঠাংকন করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল স্তর সহ প্রয়োজনীয় স্থানে পত্র প্রেরণ করেন। উপজেলা কৃষি কর্মকর্তা/মেট্রোপলিটন কৃষি অফিসার/থানা সার্কেল কৃষি অফিসার/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উক্ত পত্রটি সংশ্লিষ্ট সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে পৃষ্ঠাংকন করে কর্মরত সকল ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের সার্ভিস বহিতে লিপিবদ্ধ করার সুব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে অনুরোধ করা হলো। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০২ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদধারীগণকে বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে পদোন্নতির মাধ্যমে বর্তমান ২০% হারে প্রাপ্ত কৃষি ক্যাডারের প্রারম্ভিক এইও/সমমান পদের শূন্য পদে চলতি দায়িত্ব প্রদানের মাধ্যমে পদায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৩ঃ বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে ডিপ্লোমা কৃষিবিদদের পদোন্নতির কোটা ডিপ্লোমা প্রকৌশলীদের ন্যায় ২০% থেকে ৩৩.৩৪% এ উন্নীত করণের ব্যাপারে কৃষি মন্ত্রণালয় সহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৪ঃ পূর্বের এল.আর পদসহ উপজেলা, জেলা এবং অঞ্চলের অফিসগুলোতে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের প্রয়োজনীয় সংখ্যক পদ সৃষ্টি করার জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের নির্ধারিত ভ্রমণ ভাতা ২০০/-(দুইশত) টাকা থেকে বৃদ্ধি করে ৩০০০/-(তিন হাজার) টাকায় উন্নীত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৬ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির ৮ জন কর্মকর্তা গত ০৮/০৯/১৯ইং তারিখে বিভিন্ন কারণ উল্লেখ পূর্বক পদত্যাগ করেছেন। পরবর্তীতে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সিনিয়র সহ-সভাপতি, মহাসচিব, সাংগঠনিক সম্পাদক, নির্বাহী সদস্যসহ উপস্থিত অন্যান্য নেতৃবৃন্দের সাথে পদত্যাগকারী নেতৃবৃন্দ এক সমঝোতা সভায় মিলিত হন। সভায় বিস্তারিত আলোচনার পর পদত্যাগকারী নেতৃবৃন্দকে পদত্যাগ পত্র প্রত্যাহারের জন্য আহবান জানানো হয়। অদ্য ১০/১০/২০১৯ইং তারিখের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভায় এ সংক্রান্ত বিষয়ে উপস্থিত সকলকে অবহিত করা হলে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ঐক্যের স্বার্থে সকল দ্বিধাদ্বন্দ্ব ভুলে গিয়ে পরস্পরের প্রতি শ্রদ্ধাবোধ রেখে সংগঠন পরিচালনা করার প্রয়োজনে সকল পদত্যাগকারী নেতৃবৃন্দকে তাদের পদত্যাগ পত্র নিঃশর্তভাবে অনতিবিলম্বে প্রত্যাহারের জন্য পুনরায় উদাত্ত আহবান জানানো হলো। পদত্যাগকারী নেতৃবৃন্দকে মূল স্রোতধারায় ফিরিয়ে আনার লক্ষ্যে কাজ করার জন্য সিনিয়র সহ-সভাপতি, মহাসচিব, যুগ্ম মহাসচিব, সাংগঠনিক সম্পাদক এবং তথ্য ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক কে দায়িত্ব প্রদান করা হলো।

সিদ্ধান্ত-০৭ঃ আগামী ২৩/১০/২০১৯ইং তারিখে প্রতি বছরের ন্যায় কেন্দ্রীয় এবং জেলা পর্যায় "২৩ অক্টোবর ডিপ্লোমা কৃষিবিদ দিবস" পালনের সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত-০৮ঃ (ক) গত ০৭/০৯/২০১৯ থেকে ০৯/১০/২০১৯ ইং পর্যন্ত ভাউচার নং ৭৬১ থেকে ৮৯০ পর্যন্ত মোট ১৩০টি ভাউচারে খরচ হয়েছে ৪,৬২,০৫৫/- (চার লক্ষ বাষট্টি হাজার পঁঞ্চান্ন) টাকা। অদ্যকার সভায় উক্ত খরচের ভাউচার অনুমোদন করা হলো। বর্তমানে সংগঠনের তহবিলে সর্বমোট ৮৪,৫৩,৩৯১/-(চুরাশি লক্ষ তিপ্পান্ন হাজার তিনশত একানব্বই) টাকা জমা আছে।

(খ) গত ০৭/০৯/২০১৯ থেকে ০৯/১০/২০১৯ ইং পর্যন্ত ৫(পাঁচ) জনকে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা সাহায্য প্রদান শেষে কল্যাণ তহবিলে বর্তমানে সর্বমোট ১৮,৪০,২১২/-(আঠারো লক্ষ চল্লিশ হাজার দুইশত বার) টাকা জমা আছে।

সিদ্ধান্ত-০৯ঃ বিবিধ

বর্তমান কেন্দ্রীয় নির্বাহী কমিটির মেয়াদকাল সময়ের জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠনের প্রস্তাব জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আলাউদ্দিন আহমেদ)
সিনিয়র সহ-সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৭১৬-৩৭১৭৮৮

স্মারক নং-২৪৪(৬০) তারিখঃ ১০/১০/২০১৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৩. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৫. মাননীয় সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৬. মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৮. মাননীয় মহাপরিচালক, বি.এ.আর.আই/বি.আর.আর.আই/ বি.জে.আর.আই/ বিনা/ বি.এস.আর.আই, ..................................।
০৯. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী, ............................।
১০. মাননীয় পরিচালক, ...............................................................।
১১. মাননীয় অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট(এটিআই), ............................।
১২. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১৩. সভাপতি/সাধারণ সম্পাদক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), ............................।
১৪. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ............... অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ........... উপজেলা শাখা, ............ জেলা।
১৭. জনাব ...............................................................................।

(মোঃ আলফাজ উদ্দিন)
মহাসচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৮১৯-৪২৫০১৫